শেখ হাসিনার উদ্যোগ

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

Cumilla Palli Bidyut Samity-4

লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

মুজিববর্ষ

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০৪৭.২০. ২৬৬৪

তারিখ ঃ ১৮ জুন, ২০২০ খ্রিস্টাব্দ
০৩ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) "কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪" এ PABX System এর মালামাল সরবরাহসহ স্থাপনের পুনঃ দরপত্র আহবান প্রসঙ্গে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তরে PABX System স্থাপনের লক্ষ্যে নিম্নোক্ত বর্ণনা ও শর্ত মোতাবেক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বর্ণিত কাজের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী প্রকৃত ঠিকাদারী/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	24 Channel PBAX Intercom	01 Pcs		
০২	Master Set	01 Pcs		
০৩	Telephone Set	15 Pcs		
০৪	1200VA offline UPS	01 Pcs		
০৫	Modular Box, Line Cord With Accessories	15 Pcs		
০৬	Intercom Cable 2 Pair	2000 RFT		
০৭	Kron Connector With DV Box 50	01		
০৮	Intercom System Installation Charge	01		
			সর্বমোট=	

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাদের আগামী ২৫/০৬/২০২০ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ০২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর নীচতলায় অভ্যর্থনা কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ন হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২৫/০৬/২০২০ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ০২:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। খামের উপর "**PABX System এর মালামাল সরবরাহসহ স্থাপনের দরপত্র**" কথাটি লিখতে হবে।

০৪। বর্ণিত মালামাল সমূহ সংযুক্ত স্পেসিফিকেশন ও বর্ণনা মোতাবেক সরবরাহ করতে হবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হবে না।

০৫। দাখিলকৃত মালামালের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।

০৬। মালামাল সরবরাহের পূর্বে নমুনা কুমিল্লা পবিস-৪ এর কর্তৃপক্ষ হতে অনুমোদন করিয়ে নিয়ে তদানুযায়ী সমস্ত মালামাল সরবরাহ করতে হবে। নমুনা মোতাবেক না হলে মালামাল গ্রহণ করা হবে না।

০৭। সমিতির প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় বাজারে মালামাল না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে Uper মডেলের মালামালের দর প্রদান করা যাবে, তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের পর্যাপ্ত কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

০৮। অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকতে হবে।

০৯। সরবরাহকারীর দাখিলকৃত সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manfacturer এর Authorisation letter/Dealership/ Re-Seller হিসাবে সনদ থাকতে হবে।

১০। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করা যেতে পারে। এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। কার্যাদেশ প্রদানের পর অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহসহ স্থাপনের কার্য সম্পাদন করতে হবে।

১২। সরবরাহকৃত মালামালের মূল্যের উপর নিয়ম অনুযায়ী ১০% অর্থ নিরাপত্তা জামানত হিসাবে কর্তন করে রাখা হবে যা মালামালের গুনগত মান অক্ষুন্ন থাকা সাপেক্ষে ০১(এক) বছর পর ফেরত প্রদান করা হবে।

চলমান পাতা-০২

১৩। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৪। কার্যাদেশে বর্নিত মালামাল সমূহ নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা আরোপযোগ্য হবে। এই ধরনের বিলম্ব মাশুল কার্যাদেশে লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৫। দরপত্রের সাথে সংশ্লিষ্ট মালামাল সন্তোষজনকভাবে সরবরাহের অভিজ্ঞতা সনদ, হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৬। মালামাল প্রাপ্তির পর মালামালের গুনগত মান যাচাই সাপেক্ষে গ্রহণ করা হবে।

১৭। সরবরাহকৃত মালামালের ক্ষেত্রে ০১(এক) বৎসরের পূর্ণ ওয়ারেন্টি প্রদান করতে হবে।

১৮। সরবরাহকৃত মালামাল সম্পূর্ণ নূতন এবং ক্রুটিমুক্ত হবে। মালামাল সরবরাহের ৩৬৫ দিনের মধ্যে কোন ক্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বহির্ভূত মালমাল সরবরাহ করা হয়েছে বলে প্রমানিত হলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ১০ দিনের মধ্যে মালামাল ক্রুটিমুক্ত/প্রতিস্থাপন করতে হবে।

১৯। কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২০। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

18/06/20

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ
০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী অফিসার,................................. উপজেলা, কুমিল্লা
০৭। ডিজিএম , কারিগরী-সদর দপ্তর/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)→ আগামী ২৫/০৬/২০২০ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ০২:০৫ ঘটিকায় দরপত্র খোলার সময় উপস্থিত থেকে মূল্যায়ন কাজে অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৯। এজিএম (অর্থ), কুমিল্লা পবিস-৪।
১০। মেসার্স ....।
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
১২। অফিস/মাষ্টার নথি।

18/06/20

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার